Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 26 May, 2025

# ময়মনসিংহে ছিনতাই হওয়া ৫ মোবাইল উদ্ধার করে প্রকৃত মালিদের হাতে তুলে দিল র‍্যাব-১৪।

সোমবার (২৬ মে) বিকালে র‍্যাব-১৪'র কার্যালয় থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

এর আগে ওই দিন সকালে র‍্যাব-১৪'র অধিনায়ক (অতিরিক্ত ডিআইজি) নয়মুল হাসান প্রকৃত মালিকদের হাতে মোবাইল হস্তান্তর করেন।

র‍্যাব-১৪'র সিনিয়র এএসপি নাজমুল ইসলাম বলেন, সাধারণ ডায়েরীর ভিত্তিতে হারানো ও ছিনতাই হওয়া ৫টি মোবাইল তথ্য প্রযুক্তির সহায়তায় ময়মনসিংহের সদর উপজেলা, ঢাকা'র উত্তরা, পশ্চিম, বাড্ডা এবং সিরাজগঞ্জ জেলার সদর থানা এলাকায় অভিযান চালিয়ে মোবাইল উদ্ধার করে প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করা হয়েছে।হারানো বা ছিনতাই হওয়া মোবাইল উদ্ধারে র‍্যাব'র এমন অভিযান অব্যাহত থাকবে।

ছিনতাই র‍্যাব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:00

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/2985775807